

## ■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ২২. ঈশ্বর পরামর্শের মুখাপেক্ষী!

বাইবেলীয় বর্ণনা থেকে জানা যায় যে, ঈশ্বর নিজের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ফেরেশতাদের পরামর্শের মুখাপেক্ষী! কিভাবে সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন তা নির্ধারণ করতে না পেরে তিনি ফেরেশতাদের কাছে মতামত চান! "আমি দেখলাম মাবুদ তাঁর সিংহাসনে বসে আছেন এবং তাঁর ডান ও বাঁ দিকে সমস্ত ফেরেশতারা রয়েছেন। তখন মাবুদ বললেন, 'রামোৎ-গিলিয়দ হামলা করবার জন্য কে আহাবকে ভুলিয়ে সেখানে নিয়ে যাবে যাতে সে মারা যায়?' তখন এক একজন এক এক কথা বললেন। শেষে একটা রহ এগিয়ে এসে মাবুদের সামনে দাঁড়িয়ে বলল, আমি তাকে ভুলিয়ে নিয়ে যাব। মাবুদ জিজ্ঞাসা করলেন, কেমন করে করবে? সে বলল, আমি গিয়ে তার সব নবীদের মুখে মিথ্যা বলবার রহ হব। মাবুদ বললেন, তুমিই তাকে ভুলিয়ে নিয়ে যেতে পারবে। তুমি গিয়ে তা-ই কর।'' (১ বাদশাহনামা/ রাজাবলি ২২/১৯-২২, মো.-০৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14289

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন